

প্রিয় \_\_\_\_\_ এর পিতামাতা/পরিবার,

আমরা এআরআইএস প্যারেন্ট লিংকের কথা আপনাদেরকে জানাতে পেরে গর্ববোধ করছি। এআরআইএস প্যারেন্ট লিংক একটি নতুন অনলাইন উপকরণ যা আপনাকে আপনার সন্তানের লেখাপড়ায় অগ্রগতির তথ্য সংগ্রহে সহায়তা করবে। এআরআইএস প্যারেন্ট লিংকে আপনি আপনার সন্তান সম্পর্কে বিশদ তথ্য লাভ করবেন - যার ভেতর উপস্থিতি, কোর্স গ্রেড, এবং স্টেটের পরীক্ষা ও ক্লাসের মূল্যায়নের নম্বর থাকবে। আপনার সন্তানের স্কুল এনওয়াইসির অন্যান্য স্কুলের তুলনায় কেমন করছে সেই তথ্যও আপনি পাবেন।

এআরআইএস প্যারেন্ট লিংকে আপনার সন্তানের তথ্য দেখার জন্য:

[www.ARISParentLink.org](http://www.ARISParentLink.org) ওয়েবসাইটে **লগ ইন** করুন।

**স্টুডেন্ট আইডি:** সুরক্ষার স্বার্থে, এই তথ্য আপনার সন্তানের অস্থায়ী পাসওয়ার্ড যে-চিঠিতে জানান হবে সেই চিঠিতে অন্তর্ভুক্ত করা যাবে না। আপনার সন্তানের স্কুল বাড়িতে আরেকটি চিঠি পাঠাচ্ছে যেটিতে আপনার সন্তানের স্টুডেন্ট আইডি থাকবে। আপনি যদি ইতিমধ্যে আপনার সন্তানের স্টুডেন্ট আইডি জেনে থাকেন, লগ ইন করার জন্য সেটি ব্যবহার করতে পারেন।

\*অস্থায়ী পাসওয়ার্ড: (আপনি আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে জেনে নিতে পারেন।)

**আপনার পাসওয়ার্ড সম্পর্কে:** আপনি প্রথমবার লগ ইন করার পর আপনাকে একটি স্থায়ী পাসওয়ার্ড সৃষ্টি এবং আপনার ইমেইল ঠিকানা সেভ করতে বলা হবে। আপনি কখনও আপনার পাসওয়ার্ড ভুলে গেলে, রেজিস্টার করার সময়ে আপনি যে-ইমেইল ঠিকানা ব্যবহার করছেন সেখানে নতুন একটি অস্থায়ী পাসওয়ার্ড পাঠাবার জন্য বলতে পারেন।


**আমার যদি ইমেইল ঠিকানা প্রয়োজন হয় তাহলে কী করব?** আপনি Gmail, Hotmail, or Yahoo-এর মাধ্যমে একটি ফ্রি ইমেইল ঠিকানার জন্য রেজিস্টার করতে পারেন।

**আমার একটি কম্পিউটার পাওয়ার জন্য সহায়তা দরকার হলে কী করব?** আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরিতে যান। আপনাকে লাইব্রেরি কার্ডের জন্য রেজিস্টার করতে হবে, তাহলে আপনি বিনা খরচে ইন্টারনেটে যাওয়ার জন্য কম্পিউটার ব্যবহারের সুযোগ পাবেন।

**আমার যদি আরও সহায়তা লাগে তাহলে কী হবে?** আপনার আরও সহায়তা দরকার হলে আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। তিনি আপনাকে এআরআইএস প্যারেন্ট লিংকে লগ ইন করতে সাহায্য করতে এবং এই নতুন ব্যবস্থা সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন। আপনার সন্তানের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে খুঁজে পেতে সাহায্য লাগলে **311** নম্বরে ফোন করুন।

\*এই পাসওয়ার্ড ১৪ এপ্রিল ২০০৯ তারিখে সৃষ্টি করা হয়। আপনি যদি ইতিমধ্যে এআরআইএস প্যারেন্ট লিংকে লগ ইন করে থাকেন, এই অস্থায়ী পাসওয়ার্ড কাজ করবে না। আপনার যদি নতুন একটি অস্থায়ী পাসওয়ার্ড প্রয়োজন হয়, আপনি তা আপনার সন্তানের স্কুলের মাধ্যমে পেতে পারেন। সাহায্যের জন্য আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে বলুন।

বিশ্বস্ত,



জোয়েল আই. ক্লাইন, চ্যান্সেলর